জাতীয় যুব দিবস উপলক্ষে মেহেরপুরে পরিষ্কার পরিচ্ছন্ন অভিযান

জাতীয় যুব দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে মেহেরপুরে পরিষ্কার-পরিচ্ছন্ন অভিযানের উদ্বোধন করা হয়েছে।

জেলা প্রশাসন ও জেলা যুব উন্নয়ন অধিদপ্তর এবং মেহেরপুর পৌরসভার আয়োজনে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগপ্রতিরোধে মশার উৎপত্তিস্থল বিনষ্টকরণ, পানিপ্রবাহ স্বাভাবিক রাখা ও পরিবেশের ভারসাম্য রক্ষায় রুইমারি খাল পরিষ্কারকরণ অভিযান চালানো হয়েছে।

আজ রবিবার (৩ নভেম্বর) সকাল ১১টার দিকে মেহেরপুর সদর উপজেলার গোপালপুর রুইমারির খাল পরিষ্কার-পরিচ্ছন্ন অভিযানের উদ্বোধন করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

এসময় সেখানে স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মোঃ শামীম হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, উপজেলা নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত) গাজী মূয়ীদুর রহমান, জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক ফিরোজ আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন।